

## সিতারা পারভীন পুরস্কার পেলেন চারি ১২ শিক্ষার্থী

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক  
ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও  
সাংবাদিকতা বিভাগের ২০১৪ সালের  
বিএসএস (সম্মান) পরীক্ষায়  
অসাধারণ ফল অর্জনকারী ১২ কৃতী  
শিক্ষার্থীকে 'অধ্যাপক সিতারা  
পারভীন-পুরস্কার' প্রদান করা হয়েছে।  
গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের  
আরসি মঞ্জুমদার মিলনায়তনে  
আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান  
অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড.  
আ আ ম স আরেফিন সিদ্দিক এ  
পুরস্কারের চেক তুলে দেন।

পুরস্কারপ্রাপ্ত ছাত্রছাত্রীরা হলেন-  
জেনিমা ইসলাম আব্বাস, মো. রুমান  
সিকদার, নাজমা আখতার, নিশাত  
পারভেজ, হোটন দেবনাথ, মৌসুমী  
খাতুন, সাহিবুর রহমান, তৌফিক  
আজিজ, ফারজানা সুলতানা,  
ফারহানা জেসমিন, মুশফিকা ইসলাম  
এবং শরিফা উম্মে শিরিনা।

গণযোগাযোগ ও সাংবাদিকতা  
বিভাগের চেয়ারপারসন, অধ্যাপক  
মো. মফিজুর রহমানের সভাপতিত্বে  
অনুষ্ঠানে 'বহু নিরন্তর নাট্যধারা'  
শীর্ষক অধ্যাপক সিতারা পারভীন  
স্মারক বক্তৃতা প্রদান করেন বিশিষ্ট  
নাট্যব্যক্তিত্ব আলী যাকের। ধন্যবাদ  
জ্ঞাপন করেন অধ্যাপক ড.  
আহাদুজ্জামান মোহাম্মদ আলী।

সাবেক রাষ্ট্রপতি বিচারপতি  
সাহাবুদ্দীন আহমদের মেয়ে এবং  
গণযোগাযোগ ও সাংবাদিকতা  
বিভাগের অধ্যাপক ড. আহাদুজ্জামান  
মোহাম্মদ আলীর ক্রী অধ্যাপক ড.  
সিতারা পারভীন ২০০৫ সালের ২৩  
জুন যুক্তরাষ্ট্রে এক মর্মান্তিক সড়ক  
দুর্ঘটনায় নিহত হন।